নারায়ণগঞ্জে ডিবির অভিযানে পিস্তলসহ গ্রেপ্তার ৩



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে অভিযান চালিয়ে বিদেশি পিস্তল ও দুটি মোবাইল ফোনসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। এ সময় তাঁদের এক সহযোগী পালিয়ে গেছেন।

শুক্রবার (৬ নভেম্বর) রাত পৌনে ১১টার দিকে সিদ্ধিরগঞ্জের শান্তিনগর ক্যানেলপাড় এলাকায় সোহেলের মুদি দোকানের সামনে কাঠের পুলের পাশ থেকে তাঁদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন জসিম উদ্দিন ওরফে শীষনাগ জসিম (৪৫), মো. লিটন ওরফে পাইলট লিটন (৪৫) এবং মো. শফিকুর রহমান ওরফে রনি (৩৫)। তাঁদের সহযোগী বিল্লাল ড্রাইভার (৩৫) ঘটনাস্থল থেকে পালিয়ে যান।

ডিবি পুলিশের অভিযানে জসিমের কাছ থেকে কালো রঙের একটি বিদেশি পিস্তল ও রেডমি নোট ১৩ প্রো মডেলের মোবাইল ফোন উদ্ধার করা হয়। লিটনের কাছ থেকে পাওয়া যায় হুয়াওয়ে পি৩০ প্রো মডেলের আরেকটি মোবাইল ফোন।

LENS ASIA

নারায়ণগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার তারেক আল মেহেদী জানান, উদ্ধার করা ফোন দুটির হোয়াটসঅ্যাপ ও গ্যালারিতে অবৈধ অস্ত্রের ছবি এবং অস্ত্র কেনাবেচার কথোপকথন পাওয়া গেছে। এজাহারে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার ব্যক্তিরা সীমান্তবর্তী এলাকা থেকে অস্ত্র সংগ্রহ করে নারায়ণগঞ্জ, ঢাকা ও বিভিন্ন এলাকায় কেনাবেচার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছেন।

এ ঘটনায় গ্রেপ্তার তিনজন ও পলাতক বিল্লাল ড্রাইভারের বিরুদ্ধে সিদ্ধিরগঞ্জ থানায় অস্ত্র আইনে মামলা হয়েছে। পরে শনিবার বিকেলে গ্রেপ্তার ব্যক্তিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।